

PRINT

## সমকাল

# গ্রিন ইউনিভার্সিটিতে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন

১১ ঘন্টা আগে

'শিক্ষার অধিকার মানে উপযুক্ত শিক্ষক পাওয়ার অধিকার' প্রতিপাদ্যকে সামনে রেখে নানা আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন করেছে রাজধানীর গ্রিন ইউনিভার্সিটি অব বাংলাদেশ।

দিবসটি উপলক্ষে শুক্রবার বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানের শুরুতেই স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় জীবনে নিজ নিজ শিক্ষককে নিয়ে স্মৃতিচারণ করেন বক্তরা। অনুষ্ঠানের শেষে বেশ কয়েকটি বিনোদনমূলক খেলায় অংশ নেন শিক্ষকরা।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে গ্রিন ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. ফৈয়াজ খান বলেন, শিক্ষকের দায়িত্ব শুধু শিক্ষা দেওয়া নয়, শিক্ষার্থীকে জীবনোপযোগী ও যুগোপযোগী করে গড়ে তোলার দায়িত্বও তার।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কোষাধ্যক্ষ মো. শহীদ উল্লাহ, অধ্যাপক ড. নিতাই চন্দ্র সূত্রধর, গ্রিন বিজনেস স্কুলের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. হেলাল উদ্দিন আহমেদ, সিএসই চেয়ারম্যান অধ্যাপক ড. মো আবদুর রাজ্জাক স্মৃতিচারণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)

